

৩১.১০.২০১৯

অতিব জরুরী।

ফ্যাক্স/ই-মেইলযোগে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

নং- ৫১.০০.০০০০.৪২২.১৪.০০৩.১৯.৩৮৩

তারিখ: ১১ আশ্বিন ১৪২৬ ব.।
০৬ অক্টোবর ২০১৯ খ্রি.।

বিষয়: আগামী ১৩ অক্টোবর, ২০১৯ খ্রি. তারিখ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ২০১৮-১৯ অর্থ বছরে নির্মিত দুর্যোগ সহনীয় বাসগৃহ ডিজিটাল পদ্ধতিতে উদ্বোধন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ১৩ অক্টোবর, ২০১৯ খ্রি. তারিখ "আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস" উদযাপন করা হবে। উক্ত দিবস উদযাপনের উদ্বোধনী অনুষ্ঠানে ২০১৮-১৯ অর্থ বছরে গ্রামীণ অধিকাংশ সংস্কার/রক্ষণাবেক্ষণ (কাবিটা/টি.আর) কর্মসূচির আওতায় নির্মিত দুর্যোগ সহনীয় বাসগৃহ মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে ডিজিটাল পদ্ধতিতে উদ্বোধনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। ২০১৮-১৯ অর্থ বছরে বরাদ্দকৃত ১১,৬০৪ টি বাসগৃহের মধ্যে নির্মিত ১১২৭৩ টি বাসগৃহ এ উদ্বোধনী কর্মসূচীতে অন্তর্ভুক্ত করা হয়েছে (বান্দরবান জেলায় ৪১৫ টির স্থলে ৮৪ টি নির্মিত)।

এমতাবস্থায়, আগামী ১৩ অক্টোবর, ২০১৯ খ্রি. তারিখ "আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস" উদযাপন অনুষ্ঠানে ডিজিটাল পদ্ধতিতে দুর্যোগ সহনীয় ১১২৭৩ টি বাসগৃহ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন উপলক্ষে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, উদ্বোধনী অনুষ্ঠানটি ১৩ অক্টোবর ২০১৯ তারিখ সকাল ১০.৩০টায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে মাননীয় প্রধানমন্ত্রী উদ্বোধন করবেন যা বিটিভি'র মাধ্যমে সরাসরি সম্প্রচার করা হবে। স্থানীয়ভাবে টিভিতে সম্প্রচার অনুষ্ঠান দেখে দুর্যোগ সহনীয় ১১২৭৩ টি বাসগৃহের নামফলক (৩ফুট X ২ফুট) উন্মোচন করার ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা ও উপজেলা প্রশাসনকে অনুরোধ করা হলো। নামফলক এর নমুনা নিয়ে প্রদান করা হলো।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবদান
টি.আর/ কাবিটা কর্মসূচির আওতায় দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

০৬/১০/২০১৯
(এম. খালিদ মাহমুদ)
যুগ্মসচিব

kmalmoood1161@gmail.com

অতিব জরুরী

ই-মেইল যোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
বীর উত্তম এ, কে খন্দকার রোড
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১১১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১২.১৪.১৭৪.১৯-৬০২

তারিখঃ ০৬-১০-২০১৯ খ্রি.

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ১। জেলা প্রশাসক,(সকল)।
- ২। কম্পিউটার প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা,(সকল)।

০৬/১০/২০১৯
(মো. মনিরুজ্জামান)
(উপসচিব)
উপ-পরিচালক (কাবিটা-২)
ফোনঃ ৯৮৮৬৪৭৩